

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড
শাখা-১ (ফিল্ম)



০৬-১২-২০২০ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের নৈতিকতা কমিটির দ্বিতীয় প্রান্তিকের (অক্টোবর/২০২০-ডিসেম্বর/২০২০) সভার কার্যবিবরণী:

সভাপতি	মো. জসীম উদ্দিন ভাইস চেয়ারম্যান
সভার তারিখ	০৬-১২-২০২০ খ্রি:
সভার সময়	সকাল ১১:৩০টা
স্থান	দাপ্তরিক সভাকক্ষ
উপস্থিতি	০৭ জন


২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের নৈতিকতা কমিটির দ্বিতীয় প্রান্তিকের (অক্টোবর/২০২০-ডিসেম্বর/২০২০) সভা ০৬-১২-২০২০ তারিখ সকাল ১১:৩০ টায় ভাইস চেয়ারম্যান জনাব মো: জসীম উদ্দিন-এর সভাপতিত্বে দপ্তরের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তা-কর্মচারীদের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেওয়া হলো।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা ক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
(১) নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তের বাস্তবায়ন	সভায় নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন নিয়ে আলোচনা হয়। সভায় নৈতিকতা কমিটির ১০০% সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়।	নৈতিকতা কমিটির ১০০% সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে।	চলচ্চিত্র পরিদর্শক-৩
(২) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা	কর্মপরিকল্পনা অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন নিয়ে আলোচনা করা হয়। সভায় জানানো হয়, উল্লিখিত বিষয়ে কর্মপরিকল্পনা অনুযায়ী ০১টি সভা ইতোমধ্যে আয়োজন করা হয়েছে। আগামী ১০-১২-২০২০ তারিখে দ্বিতীয় সভা অনুষ্ঠিত হবে।	নির্দিষ্ট সময়ে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজনের কার্যক্রম সম্পন্ন করতে হবে।	চলচ্চিত্র পরিদর্শক-৩
(৩) কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি ও সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন।	কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি ও সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন নিয়ে আলোচনা করা হয়। সভায় জানানো হয়, কর্মপরিকল্পনা অনুযায়ী দপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।	প্রশিক্ষণের মাধ্যমে প্রাপ্ত জ্ঞান বাস্তবে কাজে লাগাতে হবে এবং প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখতে হবে।	চলচ্চিত্র পরিদর্শক-৩
(৪) ওয়েব সাইটে সেবাবক্সসমূহ হালনাগাদকরণ	সভায় দাপ্তরিক ওয়েব সাইটে সেবাবক্সসমূহ হালনাগাদকরণ নিয়ে আলোচনা করা হয়। সভায় জানানো হয়, সেবা সংক্রান্ত সরকারি টোল ফ্রি নম্বরসমূহ দাপ্তরিক ওয়েবসাইটে দৃশ্যমান করা হয়েছে। এছাড়া, শুদ্ধাচার সেবাবক্স, স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, তথ্য অধিকার সেবাবক্স এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স হালনাগাদ কাজ চলমান আছে।	ওয়েব সাইট হালনাগাদ কাজ নিয়মিত তদারকি করতে হবে।	চলচ্চিত্র পরিদর্শক-৫

সভায় অন্য কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা

করেন।



মো. জসীম উদ্দিন

ভাইস চেয়ারম্যান

স্মারক নম্বর: ১৫.৫৯.০০০০.০০৪.২৭.০০১.২০.১৪৯

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪২৭

০৮ ডিসেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, , বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড, ঢাকা।
- ২) সকল চলচ্চিত্র পরিদর্শক, , বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড, ঢাকা।



মো. মমিনুল হক

সচিব